

## কাশিয়াডাংগা আশ্রয়ণ প্রকল্প ফেইজ-২ এর তথ্য

রাজশাহী জেলার পবা উপজেলাধীন কাশিয়াডাংগা আশ্রয়ণ প্রকল্প ফেইজ-২ এর কার্যক্রম শুরু হয় ২০০৮ সালে। প্রকল্পের সংখ্যা ০১ টি , নির্মিত ব্যারাক-০১টি এবং পূর্ণবাসিত পরিবারের সংখ্যা ৩০টি। প্রকল্প থেকে ঋণ প্রাপ্তির তারিখ ১৯/৭/২০০৮। ৩০টি পরিবারের জন্য ২,১০,০০০/-টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। এপর্যন্ত ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণের পরিমাণ ১৭,৯২,০০০/- টাকা। ঋণ গ্রহণকারীর সংখ্যা ১২৩ জন। আবাসে জমাকৃত সার্ভিস ফি ৪৫,২১০/- টাকা। পাওনা ঋণের পরিমাণ ২,৮৫,০০০/-টাকা। আদায়যোগ্য ০৩/০১/২০২৪ তারিখে। খেলাপী ঋণ নাই।

কাশিয়াডাংগা আশ্রয়ণ প্রকল্প ফেইজ-২ বহুমুখী সমবায় সমিতি লিঃ নিবন্ধন হয় ০৫/৬/২০০৮ তারিখে। নিবন্ধন নম্বর-০১। সমিতির শেয়ার ১২,০৫০/-টাকা এবং সঞ্চয় ২,০৭,৮৫০/- টাকা। সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচনের তারিখ ৩০/৫/২০২১।